



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

3 OCTOBER 2024

7:35 AM IST

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল **ভার্চুয়াল** ব্যবস্থার মাধ্যমে আসামের চারটি সহ দেশের মোট ৩৩ টি সংকুচিত জৈব গ্যাস প্রকল্পের শিলান্যাস করেন। অয়েল ইন্ডিয়া লিমিটেড গৌহাটী, যোরহাট, শিবসাগর ও তিনসুকিয়ায় সংকুচিত জৈব গ্যাস প্রকল্প স্থাপনের ব্যবস্থা করেছে। এই প্রকল্পের মাধ্যমে শহরাঞ্চলের গোটা আবর্জনাকে জৈব গ্যাসে রূপান্তর করে ওয়েল ইন্ডিয়া লিমিটেড দৈনিক ১২৫ টন আবর্জনা নিষ্কাশন করে প্রতি দিন প্রায় ২ টন পরিমানের সংকুচিত জৈব গ্যাস উৎপাদন করতে পারবে বলে আশা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এই বিশেষ পদক্ষেপের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আসামবাসীর হয়ে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। এক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন যে প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশকে স্বচ্ছ করে তোলার দিকে সবসময় গুরুত্ব আরোপ করে আসছেন।

উল্লেখ্য এই প্রকল্পের মাধ্যমে প্রদূষণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়া সহ কর্ম সংস্থাপনের সুযোগ সৃষ্টি হবে।

দেশের ১৪০ কোটি জনসাধারণ স্বচ্ছতাকে এক গণ আন্দোলন হিসেবে গড়ে তোলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীর প্রতি সম্মান জানিয়েছেন। স্বচ্ছ ভারত অভিযানের

সফলতায় প্রত্যেক ভারতবাসীর অবদান রয়েছে বলেও প্রধানমন্ত্রী মন্তব্য করেন। গতকাল নতুন দিল্লীতে স্বচ্ছ ভারত অভিযানের ১০ বছর পূর্তি উপলক্ষ্যে স্বচ্ছতাই সেবা ২০২৪ - এর অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী মন্তব্য করেন। প্রধানমন্ত্রী জানান যে মাত্র ১৫ দিনের স্বচ্ছতা হি সেবা অভিযানে দেশের ২৪ কোটিরও অধিক নাগরিক অংশগ্রহণ করেছেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অনাময় ও পরিষ্কার পরিচ্ছন্নতার সঙ্গে জড়িত ৯ হাজার ৬০০ কোটি টাকারও অধিক মূল্যের বেশ কয়েকটি প্রকল্পের সূচনা করেন।

হাইলাকান্দি জেলা পোষণ গ্রাম নির্মাণ কার্যসূচীতে সমগ্রন রাজ্যের মধ্যে প্রথম স্থান লাভ করেছে। গোলাঘাট জেনারেল ফিল্ডে অনুষ্ঠিত এক সম্মেলনে রাজ্যের অর্থ ও সমাজকল্যাণ মন্ত্রী অজন্তা নেওগের হাত থেকে এই পুরস্কার গ্রহণ করেন হাইলাকান্দির সমাজকল্যাণ বিভাগের ডি পি এম রজত চক্রবর্তী। পুরস্কার হিসেবে শংসাপত্র, স্মারক এবং ১৫ হাজার টাকার চেক প্রদান করা হয়েছে। উল্লেখ্য হাইলাকান্দি জেলার পাঁচটি সুসংহত শিশু কল্যাণ কর্মসূচী অর্থাৎ আই সি ডিএসের অধীনে দুর্বল এবং অপুষ্টির শিশু শূন্য করার একটি প্রস্তাব বাস্তবায়ন করায় হাইলাকান্দি জেলা ২০২৪ সালের সপ্তম পোষণ মাস পালনে প্রথম পুরস্কার লাভ করেছে।

ন্যাশনেল হাইওয়েস এন্ড ইনফ্রা স্ট্রাকচার ডেভেলোপমেন্ট কর্পোরেশন লিমিটেডের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে বদরপুর ঘাট ও কাটিগড়ার মধ্যে সংযোগকারী গেমন সেতুতে ৩৫ টনের বেশী ওজনের যান চলাচলে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে। বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে।

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় আগষ্ট মাসের গন বন্টনের আটা বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে প্রায়োরিটি হাউস হোল্ড কার্ড পিছু প্রতিজন ব্যক্তিকে দুই কিলো ২৫৩ গ্রাম করে এই আটা বন্টন করা হবে ।

শিলচর পৌরসভার মুখ্য কার্যনির্বাহী আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জাইয়েছেন যে এলাকার নাগরিকদের সাধারণ তথ্যের জন্য ইস্যু কৃত সংশ্লিষ্ট উন্নয়ন কর্তৃপক্ষের পরিকল্পনা পারমিট প্রাপ্তির পরে বিল্ডিং নির্মাণের অনুমতি প্রদান করা হবে । বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে যে সরকারি নির্দেশ অনুযায়ী জি প্লাস টু স্তরে পর্যন্ত আবাসিক বিল্ডিং নির্মাণের প্রস্তাবের জন্য মুখ্যমন্ত্রীর সজহ গৃহ নির্মাণের প্রকল্পের অধীনে ই- আর টি পি 'র মাধ্যমে গৃহ নির্মাণের অনুমতির জন্য নাগরিকদের আবেদনকারার অনুরোধ করা হয়েছে।

সারা ভারত কৃষক সভার শিলকুড়ি আঞ্চলিক কমিটির প্রাক্তন সভাপতি মানিক দাস গত পয়লা অক্টোবর শিলকুড়ির নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ । মানিক দাসের মৃত্যুতে সারা ভারত কৃষক সভার কাছাড় জেলা কমিটি ও সি পি আই এম দলের শিলকুড়ি আঞ্চলিক কমিটির পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

